

## ব্যাডমিন্টন খেলা নিয়ে বিরোধের জের

### সিলেটে প্রাইমারী স্কুলছাত্রকে জবাই করে হত্যা

সিলেট অফিস : সিলেট শহরের বাগবাড়ী আবাসিক এলাকায় শাহাদ (১২) নামের ৩য় শ্রেণীর এক ছাত্রছাত্রীকে জবাই করে হত্যার অভিযোগ পাওয়া গেছে। ১৮ ডিসেম্বর শহীদ নিখোঁজ হওয়ার ২ দিন পর গুডকাল তরকার এই বৃনের ঘটনাটি প্রকাশিত হয়। এই ঘটনায় আব্দুল কাদির (১৫) ও মুনা (১০) নামের দুই সহোদরকে আটক করা হয়েছে। শাহাদ বাগবাড়ী এলাকার দিনমজুর মছকির আলীর পুত্র। গুডকাল (৩-ক্রমার) বিকাল ৩টা ৪০ মিনিটে

প্রথম শ্রেণীর ম্যাডিস্ট্রেট সুয়েব আহমদের উপস্থিতিতে মাটির নীচ থেকে তার হস্তাধিকারী লাশ উদ্ধার করা হয়।

জানা যায়, শহরের বাগবাড়ী এলাকায় এককথন বিরোধপূর্ণ জমিতে স্থাপিত একটি ঘরে কাদিরের পরিবার বসবাস করে। গ্রীষ্মের ওয়ার্কশপের কর্মচারী কাদিরের সাথে পার্শ্ববর্তী কলোনীর দিনমজুর মছকির আলীর পুত্র শাহাদের কিছুদিন পূর্বে ব্যাডমিন্টন খেলা নিয়ে বিরোধের সৃষ্টি হয়।

৭-এর ৭৫ চ-এর কঃ সেকশন

### সিলেটে জবাই করে হত্যা

প্রথম পৃষ্ঠার পর:

এই বিরোধের জের ধরে শাহাদ বৃন হয়েছে বলে দৃঢ় কাদির পুলিশের কাছে স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেয়।

১৮ ডিসেম্বর শাহাদ নিখোঁজ হওয়ার পর তার পরিবারের সদস্যরা এ বিষয়ে কাদিরের পরিবারের ওপর চাপ সৃষ্টি করে। এক পর্যায়ে কাদিরের মা তার দুই ছেলেকে গত ১৯ ডিসেম্বর পুলিশের কাছে সোপর্ন করেন। পুলিশের কাছে তারা এ বিষয়ে স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেয়। অপর একটি সূত্র জানায়, জমি-জম্মী সংক্রান্ত বিরোধের কারণে শাহাদ বৃন হতে পারে।